# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

**পল্লী ভবন**

**৫, কাওরান বাজার, ঢাকা**

www.brdb.gov.bd

দুরালাপনী- ৮১৮০০২৪
ফ্যাক্স-৮১৮০০০৩

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৩০২.০২.১৯৯.১৯.২৬৮১ তারিখ ২৪-০৩-২০১৯ খ্রিঃ

বিষয় ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের স্থায়ী আমানতের উপর অর্জিত সুদের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন হতে অব্যাহতি প্রদান।

সূত্র ঃ (১) স্মারক নং- ৮(৮) দিঃসঃ ১৭(কঃঅঃ-২) / ৯৩/১৭৩, তারিখ ঃ ১৩/০৫/২০১৭ খ্রিঃ
(২) স্মারক নং- ০৮.০১.০০০০.০৩৪.০৫.০২৬.১৩/২১৬, তারিখঃ ১১/০৩/২০১৩ খ্রিঃ
(৩) তার কার্যালয়ের স্মারক নং- ৪৭.৬২.৫৬০০.৮১০.০২.০০৫.১১.১৭২, তারিখঃ ১৪/০২/২০১৯ খ্রিঃ ।

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ২ নং স্মারক মূলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ক্ষেত্রে স্থায়ী ও সঞ্চয়ী আমানতের উপর অর্জিত সুদ হতে উৎসে আয়কর কর্তন থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড হতে এ বিষয়ে নতুন কোন পত্র/ সার্কুলার জারী করা হয় নি। ফলে এ আদেশের কার্যকারিতা এখনও বলবৎ আছে। কারণ নতুন কোন আদেশ জারী করা হলে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক তা বিআরডিবিকে অবহিত করা হতো। বিআরডিবি'র সদর কার্যালয়ে রক্ষিত বিভিন্ন খাতের অর্থ বাংলাদেশ কৃষি ব্যাংক সহ অন্যান্য সরকারি- বেসরকারি ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগকৃত আছে। সকল ব্যাংক জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত উৎস কর কর্তন না করা সংক্রান্ত আদেশ এখনও অনুসরণ করছে।

এমতাবস্থায় বিষয়টি তার আওতাধীন জেলা ও উপজেলার বিভিন্ন ব্যাংকের শাখা ব্যবস্থাপকদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো। যদি কোন ব্যাংকের শাখা ব্যবস্থাপক কর্তৃক বর্ণিত বিষয়ে অহেতুক এনবিআর এর সার্কুলার অমান্য করে অপেশাদার মনোভাব পোষণ করা হয়, সে ক্ষেত্রে যথাযথ নিয়ম অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট ব্যাংক শাখা হতে মেয়াদ পূর্তির পর স্থায়ী আমানত সমূহ নগদায়ন করে তা ভাল মৌলভিত্তি সম্পন্ন অন্য কোন ব্যাংকে স্থানান্তর করতে হবে। এ ছাড়া যে সব ব্যাংক কর্তৃক স্থায়ী ও সঞ্চয়ী আমানতের উপর অর্জিত সুদ হতে উৎসে আয়কর কর্তন করা হয়েছে সে সব ব্যাংক থেকে কর্তনকৃত অর্থ ফেরত আনার পদক্ষেপ গ্রহণ করতে হবে। এখানে উল্লেখ্য প্রধান কার্যালয় হতে পত্র যোগাযোগের মাধ্যমে এ ধরণের অর্থ ফেরত আনা হয়েছে।

২৪/০৩/১৯

(মোহাম্মদ শহীদ উল্যাহ্)
উপপরিচালক (হিসাব)

উপপরিচালক,
বিআরডিবি, মানিকগঞ্জ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

(১) পরিচালক(সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
(২) পরিচালক, বিআরডিটিআই, সিলেট।
(৩) প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক(সকল), .. .. .. .. ... , বিআরডিবি।
(৪) উপপরিচালক (সকল) , .. .. .. .. .. . . . . . . . . . . . . , বিআরডিবি ।
(৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৬) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
(৭) অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।